DD(ATM) ২৫/০৮/২২

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
শৃঙ্খলা ও তদন্ত শাখা
www.caab.gov.bd

Mujib's Bangladesh

নথি নং-৩০.৩১.০০০০.২০১.৫৫.০৩০.১৭. ১৫৭৬ তারিখ: ২৪ -০৮-২০২২ খ্রিঃ।

বিষয়: **জনাব মোঃ ইখতিয়ার ইসলাম, সিনিয়র যোগাযোগ প্রকৌশলী-এর বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-১২/২০২২ রুজুকরণ।**

## অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব মোঃ ইখতিয়ার ইসলাম, সিনিয়র যোগাযোগ প্রকৌশলী হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে কর্মরত থাকা অবস্থায় কানাডার VA–SYSTEMS INC, 16-1050 Kamato Road, Mississauga on, L4w 2w4 নামক প্রতিষ্ঠানে Wireless Technician পদে বৈদেশিক চাকরিতে যোগদানের জন্য কর্তৃপক্ষ বরাবর আবেদন করলে কতিপয় শর্তসাপেক্ষে আপনার অনুকূলে বিগত ২৭/০২/২০১৯ তারিখ ৩ (তিন) বছর লিয়েন মঞ্জুর করা হয়;

২.০ যেহেতু, উক্ত লিয়েনের মেয়াদ গত ১৩/০৩/২০২২ তারিখে ৩ (তিন) বছর অতিক্রান্ত হলেও আপনি বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষে স্ব-পদে যোগদান না করে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, টরন্টো, কানাডার মাধ্যমে ২ (দুই) বছর লিয়েন বৃদ্ধির আবেদন প্রেরণ করেন যা কর্তৃপক্ষ কর্তৃক বিবেচিত হয়নি;

৩.০ যেহেতু, লিয়েন বৃদ্ধির আবেদন বিবেচিত না হওয়ায় গত ২৫/০৪/২০২২ তারিখ ৩০.৩১.০০০০.২০১.৫৫.০৩০.১৭-১১১৯১নং স্মারকের মাধ্যমে আপনাকে জানিয়ে দেওয়া হয় ও জরুরী ভিত্তিতে কাজে যোগদানের জন্য বলা হয় এবং পরবর্তীতে লিয়েন নামঞ্জুর পত্রটি যথাক্রমে ০২/০৭/২০২২ ও ০৪/০৭/২০২২ তারিখে আপনার ব্যক্তিগত ই-মেইল ও সংশ্লিষ্ট দূতাবাসের ই-মেইলেও প্রেরণ করা হয়;

৪.০ যেহেতু, লিয়েন বৃদ্ধির আবেদন গত ২৫/০৪/২০২২ তারিখে নামঞ্জুর করা হলেও আজ অবধি আপনি কর্তৃপক্ষে কাজে যোগদান করেননি এবং পরবর্তীতে আপনার শরীরে গুরুতর ব্যাধির কথা উল্লেখ করে লিয়েন ২ (দুই) বছর বৃদ্ধির পুনর্বিবেচনা বিষয়ে ২০/০৭/২০২২ তারিখের আবেদন গ্রহণযোগ্য নয় মর্মে কর্তৃপক্ষ কর্তৃক নামঞ্জুর হয়;

৫.০ যেহেতু, আপনি অনুমতিসহ দেশ ত্যাগ করে বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের পর বিগত ১৪/০৩/২০২২ তারিখ হতে আজ অবধি বিদেশে অবস্থান করছেন এবং এতে কর্তৃপক্ষের কাজে বিঘ্ন ঘটছে; এবং

৬.০ যেহেতু, আপনার উক্তরূপ কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ (গ) বিধি অনুযায়ী 'পলায়ন'-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।

৭.০ সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ (গ) বিধি অনুযায়ী 'পলায়ন'-এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৫০(১)(খ)(উ) বিধি অনুযায়ী কেন আপনার উপর "চাকরি হতে বরখাস্তকরণ" গুরুদণ্ড আরোপ করা হবে না অথবা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না তা উক্ত বিধিমালার ৫৩(১)(খ) বিধি অনুযায়ী এ অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে সরাসরি লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি সশরীরে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এসাথে সংযুক্ত করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে ০১ (এক) পাতা।

এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান
বিবিপি, বিএসপি, বিইউপি, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি
চেয়ারম্যান
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
ফোন: ৮৯০১৪০০

জনাব মোঃ ইখতিয়ার ইসলাম
(পিতা-মোঃ নজরুল ইসলাম), সিনিয়র যোগাযোগ প্রকৌশলী
হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।
স্থায়ী ঠিকানা: মাটির মসজিদ লেন, মালতীনগর, ডাকঘর, থানা ও জেলা-বগুড়া।
বহিঃ বাংলাদেশ ঠিকানা: 715-102 Goodwood Park Crt.
East York, Ontario, Canada M4C 2G8
Cell: +1(437) 220 0778

পাতা-০২ দ্রষ্টব্য

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
শৃঙ্খলা ও তদন্ত শাখা
www.caab.gov.bd

## অভিযোগ বিবরণী

জনাব মোঃ ইখতিয়ার ইসলাম, সিনিয়র যোগাযোগ প্রকৌশলী হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে কর্মরত থাকা অবস্থায় কানাডার VA–SYSTEMS INC, 16-1050 Kamato Road, Mississauga on, L4w 2w4 নামক প্রতিষ্ঠানে Wireless Technician পদে বৈদেশিক চাকরিতে যোগদানের জন্য কর্তৃপক্ষ বরাবর আবেদন করলে কতিপয় শর্তসাপেক্ষে তাঁর অনুকূলে বিগত ২৭/০২/২০১৯ তারিখ ৩ (তিন) বছর লিয়েন মঞ্জুর করা হয়। তাঁর লিয়েনের মেয়াদ গত ১৩/০৩/২০২২ তারিখে ৩ (তিন) বছর অতিক্রান্ত হলেও তিনি বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষে স্ব-পদে যোগদান না করে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, টরন্টো, কানাডার মাধ্যমে ২ (দুই) বছর লিয়েন বৃদ্ধির আবেদন প্রেরণ করেন যা কর্তৃপক্ষ কর্তৃক বিবেচিত হয়নি। তাঁর লিয়েন বৃদ্ধির আবেদন বিবেচিত না হওয়ায় গত ২৫/০৪/২০২২ তারিখ ৩০.৩১.০০০০.২০১.৫৫.০৩০.১৭-১১১৯১নং স্মারকের মাধ্যমে তাকে জানিয়ে দেওয়া হয় এবং জরুরী ভিত্তিতে কাজে যোগদানের জন্য বলা হয়। পরবর্তীতে লিয়েন নামঞ্জুর পত্রটি যথাক্রমে ০২/০৭/২০২২ ও ০৪/০৭/২০২২ তারিখে তার ব্যক্তিগত ই-মেইল ও সংশ্লিষ্ট দূতাবাসের ই-মেইলেও প্রেরণ করা হয়।

২.০ জনাব মোঃ ইখতিয়ার ইসলাম, সিনিয়র যোগাযোগ প্রকৌশলী-এর ২ (দুই) বছর লিয়েন বৃদ্ধির আবেদন গত ২৫/০৪/২০২২ তারিখে নামঞ্জুর করা হলেও আজ অবধি তিনি কর্তৃপক্ষে কাজে যোগদান করেননি। পরবর্তীতে শরীরে গুরুতর ব্যাধির কথা উল্লেখ করে লিয়েন ২ (দুই) বছর বৃদ্ধির পুনর্বিবেচনা বিষয়ে তাঁর ২০/০৭/২০২২ তারিখের আবেদন গ্রহণযোগ্য নয় মর্মে কর্তৃপক্ষ কর্তৃক নামঞ্জুর হয়। অনুমতিসহ দেশ ত্যাগ করে বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের পর বিগত ১৪/০৩/২০২২ তারিখ হতে আজ অবধি তিনি বিদেশে অবস্থান করছেন এবং এতে কর্তৃপক্ষের কাজে বিঘ্ন ঘটছে।

৩.০ জনাব মোঃ ইখতিয়ার ইসলাম, সিনিয়র যোগাযোগ প্রকৌশলী-এর উক্তরূপ কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ (গ) বিধি অনুযায়ী 'পলায়ন'-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।

এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান
বিবিপি, বিএসপি, বিইউপি, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি
চেয়ারম্যান
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
ফোন: ৮৯০১৪০০